REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২০শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৩১শে শ্রাবণ বুধবার ১৩৪০ ইংরাজী 16th August 1933 | ১২শ সংখ্যা

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ⁄১৹ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ⁄৹ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄১৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ⁄৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


লোহার

কড়ি, বরগা,

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, ব...
প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাই...
প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ...
ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।


রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্র্যাণ্ড রোড কলিকাতা
বড়বাজার।



এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৩৯ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃত উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এল, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস-এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৹, ছোট ১৷৹ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ
গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা








সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৩১শে শ্রাবণ বুধবার ১৩৪০ সাল।

## এগার বৎসর বয়স্ক বালকের অদ্ভুত সাহস।

### লগুড়াঘাতে ব্যাঘ্র নিহত।

গত ৩রা আগষ্ট বৃহস্পতিবার সকালে দফরপুর গ্রামের জোরাল সেখের পুত্র সেকেন্দার সেখ উক্ত গ্রামের জমিদার শ্রীযুক্ত বাবু পঙ্কজকুমার দাস মহাশয়ের বাগান বাড়ীতে কাজ করিবার জন্য যাইতেছিল, পথি মধ্যে একটী ব্যাঘ্র শাবক সেকেন্দারকে তাড়া করে। সে অনন্যোপায় না দেখিয়া হস্তস্থিত লোহার শিক দ্বারা ব্যাঘ্র শাবককে আঘাত করে ফলে ব্যাঘ্রশাবকটী মৃত্যুমুখে পতিত হইয়াছে।

---

## কমিশনর সাহেব বাহাদুরের শুভাগমন।

গত ১৫ই আগষ্ট মঙ্গলবার বৈকালের ট্রেণে প্রেসিডেন্সী বিভাগের কমিশনর সাহেব বাহাদুর জঙ্গিপুরে শুভাগমন করিয়াছিলেন। তিনি স্থানীয় ফৌজদারী অফিস, মিউনিসিপ্যাল অফিস, দাতব্য চিকিৎসালয় পরিদর্শন করেন এবং বুধবার প্রাতে স্থানীয় গণ্যমান্য ভদ্রমহোদয়গণ ও রাজকর্ম্মচারিগণের সহিত সাক্ষাৎ করেন। মঙ্গলবার বৈকালে স্থানীয় স্কাউটগণ কমিশনর সাহেব বাহাদুরকে নানাপ্রকার ক্রীড়া-কৌশল প্রদর্শন করেন। বুধবার বৈকালে তিনি এখান হইতে প্রত্যাগমন করিয়াছেন।

---

## পরলোকে সুধাংশুশেখর বাগচি।

### কৃতী রেশম ব্যবসায়ীর মৃত্যু।

বহরমপুরের সুধাংশুশেখর বাগচি (সাধারণতঃ "মিলি" বাবু নামে পরিচিত) গত ১১ই আগষ্ট দ্বিষষ্ঠী বৎসর বয়সে মারা গিয়াছেন। তিনি এই জিলায় একজন প্রসিদ্ধ ব্যবসায়ী ছিলেন এবং মুর্শিদাবাদের মৃতকল্প রেশম শিল্পের পুনরুজ্জীবনে তিনি একজন বিশেষ উদ্যোগী ছিলেন। সিল্কের কাপড়ে নানাবিধ 'ডিজাইন' করিতে তিনি পারদর্শী ছিলেন এবং এই বিষয়ে বিশেষ কৃতিত্বের পরিচয় প্রদান করিতে পারিয়াছিলেন বলিয়া প্যারিসে ওয়ার্ল্ড একজিবিশনে তিনি অনেক পদক ও পারিতোষিক লাভ করেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা প্রকাশ করিতেছি।

---

## এক সঙ্গে পাঁচটী সন্তান প্রসব।

দিল্লী নিরওয়ানা গ্রামের এক হিন্দু রমণী এক সঙ্গে পাঁচটী সন্তান প্রসব করিয়াছেন। তন্মধ্যে তিনটী ছেলে ও দুইটী মেয়ে। তাহাদের সকলেই জীবিত আছে।

---

## সর্পাঘাতে জীবন রক্ষা।

গত ২৬শে শ্রাবণ শুক্রবার রাত্রি ৯ ঘটিকার সময় রঘুনাথগঞ্জ কারমাইকেল রোডে আমার বাম পায়ের ক'ড়ে আঙ্গুলে সাপে কামড়ায়। সঙ্গে সঙ্গে ক্ষত স্থানের উপর দিকে বাঁধন দিয়া সর্পাঘাত চিকিৎসায় বিশেষজ্ঞ বালিঘাটার কাজী আবদুল কাদের সাহেবকে সংবাদ দেওয়া হয়। কাজী সাহেব খুব তৎপরতার সহিত ক্ষতস্থানের উপরে কাটিয়া রক্ত বাহির করিয়া উক্ত স্থানে মোরগ ছানার গুহ্যদ্বার বসাইতে থাকেন। প্রথমে চারিটা ছানা সঙ্গে সঙ্গে মারা যায়। পরে আরও ১৪টী ছানা নিস্তেজ হইয়া পড়ে। কাজী সাহেব অনুমান করেন যে বোরা জাতীয় সাপে কামড়াইয়াছিল। কাজী সাহেবের চিকিৎসায় আমি সম্পূর্ণ আরোগ্য হইয়াছি। তজ্জন্য আমি তাঁহার নিকট কৃতজ্ঞ। তা ছাড়া আমার এই বিপদে সহরের বহু লোকে নানাভাবে সাহায্য করিয়াছেন তজ্জন্য আমি সকলকেই আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

বিনীত—

শ্রীবিনয়কুমার পণ্ডিত।

---

## ষ্টোভ জ্বালিতে গিয়া দুর্ঘটনা।

ইতিপূর্ব্বে স্নেহলতা দত্ত (১৭) নামে এক মহিলাকে দগ্ধ অবস্থায় হাসপাতালে স্থানান্তরিত করা হয়। প্রকাশ যে, স্পিরিট ষ্টোভ জ্বালাইতে গিয়া তিনি দগ্ধ হন। উক্ত মহিলা হাসপাতালে মারা গিয়াছেন।

---

## আগুনে পোড়া।

কয়েকদিন পূর্ব্বে বেলা ২০ টার সময় ৬১নং চরকডাঙ্গা রোডে রাধারাণী দেবী নামে ৩০ বৎসরের একটী মহিলা হঠাৎ মাথা ঘুরিয়া উনানের উপর পড়িয়া খুব পুড়িয়া যায়। তাহাকে ক্যাম্বেল হাসপাতালে পাঠান হইয়াছে। তাহার অবস্থা আশঙ্কাজনক বলিয়া প্রকাশ।

---

## মহিলার কৃতিত্ব।

শ্রীমতী সূর্য্যমুখী দেবী গত এপ্রিল মাসে বিহার ও উড়িষ্যা সংস্কৃত এসোসিয়েশনের মধ্য পরীক্ষায় প্রাইভেট ছাত্রীরূপে উপস্থিত হন। মজঃফরপুর কেন্দ্রে উপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে তিনি আয়ুর্ব্বেদে গুণানুসারে প্রথম স্থান অধিকার করিয়াছেন।

---

## আইন-অমান্য ও সরকার।

(পূর্ব্ব প্রকাশিতের পর।)

তথাপি কংগ্রেস অকারণে দিল্লীর চুক্তির সর্ত্ত ভাঙ্গিয়া বোম্বাইয়ে এক প্রস্তাব গ্রহণ করিয়া পুনরায় দেশে আইন-অমান্য আন্দোলন আরম্ভ করিবার চেষ্টা করে। কিন্তু দেশের অধিকাংশ লোকই সে আহ্বানে সাড়া দেয় নাই। তাহার কারণ, দেশের লোক এই আন্দোলনের নিষ্ফলতা ভালরূপই বুঝিতে পারিয়াছে। আজ আমরা দেখিতে পাইতেছি—

(১) সরকার উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে শাসন-সংস্কার প্রবর্ত্তিত করিয়া তথায় লোকের রাজনৈতিক অধিকার বাড়াইয়া দিয়াছেন।

(২) সরকার বাঙ্গালায় আইনের মর্য্যাদা রক্ষার উপায় করিয়া বাঙ্গালার লোককে ডাকাতী, হত্যা প্রভৃতি পাপের প্রকোপ হইতে রক্ষা করিতেছেন।

(৩) সরকারের কার্য্যফলে যুক্ত-প্রদেশে কৃষিবলের সমস্যা সমাধান হইয়াছে এবং কৃষকরা সন্তুষ্ট হইয়াছে।

এ সবই গঠনমূলক কাজ।

সঙ্গে সঙ্গে আমরা দেখিতেছি—সরকারের কাজের ফলে :—

(১) আজকাল আর কংগ্রেসের সভা-সমিতির কথা শুনা যায় না।

(২) কংগ্রেসের নামে পিকেটিং বন্ধ হইয়াছে।

(৩) বয়কট নিবৃত্ত হইয়াছে।

(৪) শোভাযাত্রা প্রভৃতি আইন-অমান্য আন্দোলনের বাহ্যিক বিকাশ আর দেখা যায় না।

দেখা যাইতেছে, আইন-অমান্য আন্দোলন শেষ হইয়া আসিয়াছে। বোধ হয়, তাহা বুঝিতে পারিয়াই গান্ধীজীও এখন বলিতেছেন, কংগ্রেস রাজনীতির ক্ষেত্র ছাড়িয়া এখন সমাজনীতির কাজে প্রবৃত্ত হইবে।

পূর্ব্বে যুক্ত-প্রদেশ, উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ও বোম্বাই আইন-অমান্য আন্দোলনের কেন্দ্র ছিল; এখন সে সব প্রদেশই শান্ত হইয়াছে। যুক্ত-প্রদেশে যে খাজানা বন্ধ আন্দোলনের দ্বারা কৃষকদিগকে ক্ষেপাইয়া তুলিবার চেষ্টা হইয়াছিল, তাহা নির্ম্মূল হইয়াছে। উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ এখন নূতন রাজনৈতিক অধিকার লইয়া প্রদেশের নূতন ব্যবস্থা করিতেছে। বোম্বাই ব্যবসায় মন দিয়াছে।

সেদিন কলিকাতায় এলবার্ট হলে বক্তৃতা করিবার সময় পণ্ডিত মদনমোহন মালব্য বলিয়াছিলেন—

সরকার সব প্রয়োজনীয় বিষয়েই কর্ত্তব্য করিয়াছেন।

সুতরাং দেখা যাইতেছে যে আইন-অমান্য আন্দোলন মূলতঃ ভুল এবং যাহার পদ্ধতিতে দেশের অমঙ্গল ব্যতীত মঙ্গল হইতে পারে না, সে আন্দোলনের পরমায়ু শেষ হইয়া আসিয়াছে। দুঃখের বিষয় এই যে, যাঁহারা এই আন্দোলন আরম্ভ করিয়াছিলেন, তাঁহারা তাঁহাদের ভুল বুঝিয়াও তাহা স্বীকার করিতেছেন না এবং ইহা যে হিংসার পথ গ্রহণ করিবে, তাহাও বলিতেছেন না। জনসাধারণকে ভুল বুঝাইয়া—ভুল পথে যাইতে বলিয়া—এখন আপনাদের ভুল স্বীকার করিবার সাহস তাঁহারা দেখাইতে পারিতেছেন না। সেইজন্যই জনসাধারণের পক্ষে ভুল পথ ত্যাগ করিতে বিলম্ব হইতেছে। কিন্তু তাহারা ঠেকিয়া শিখিতেছে ; যত দিন যাইতেছে ততই বুঝিতে পারিতেছে, এই আন্দোলনে তাহাদের বিশেষ ক্ষতি হইয়াছে ও হইবে।

দেশে যে অনাচার ও অত্যাচার চলিয়াছে, তাহার ফলে দেশের লোকের বিশেষ দুর্গতি হইয়াছে। শান্তিপ্রিয় লোক আপনাদের ইচ্ছামত কাজ করিতে না পারিলে তাহাদের স্বাধীনতা যেমন নষ্ট হয়, তেমনই তাহারা নানারূপে ক্ষতিগ্রস্তও হয়। লোক ইহা বুঝিতেছে এবং সেই জন্যই তাহারা আর আইন-অমান্য আন্দোলনে যোগ দিতে অসম্মত।

এখন তাহাদিগকে অন্য দিকে আকৃষ্ট করিবার জন্য সামাজিক ব্যাপারে কংগ্রেসের কাজ করিবার ব্যবস্থা করা হইতেছে। তাহাতে ভাল হইবে কি না, সে বিষয়ে কোন কথা বলা বর্ত্তমানে আমাদের উদ্দেশ্য নহে। এ দেশে সামাজিক ব্যাপারে যে নানারূপ উন্নতি সাধনের অবসর আছে, তাহা কেহই অস্বীকার করেন না। ধীরে ধীরে ধীর কর্ম্মীদিগের চেষ্টায় সে উন্নতি সাধিত হইতেছে, সরকারও সে বিষয়ে সাহায্য করিতেছেন। কিন্তু সমাজের সংস্কার যদি কেবল রাজনৈতিক উদ্দেশ্যে করিবার চেষ্টা হয়, অথবা তাহাতেও লোককে ভয় দেখাইয়া কাজ করাইবার চেষ্টা হয়, তবে তাহা কখনও কল্যাণকর হইবে না। লোকের বিচারবুদ্ধির স্বাধীনতার উপর হস্তক্ষেপ করা যে আইন-অমান্যকারীদিগের কাজের পদ্ধতি তাঁহারা এখন আপনাদের ভুল স্বীকার করুন এবং দেশের লোককে শান্তিতে আপনাদের কাজ পরিচালিত করিবার সুযোগ ও অধিকার প্রদান করুন।

---

## নোটীশ।

সূর্য্যগ্রহণ উপলক্ষে থানেশ্বরে আগামী ২১শে আগষ্ট তারিখে একটী মেলা হইবে। সেই মেলা যাত্রীগণকে উপদেশ দেওয়া যায় যে তাঁহারা যেন নিকটস্থ সরকারী ডাক্তারখানা অথবা স্যানিটারী ইন্সপেক্টরের অফিস হইতে কলেরা প্রতিষেধক ইন্‌জেক্‌শন লইয়া যান। ইন্‌জেক্‌শনের সার্টিফিকেট লইতে ভুলিবেন না।

স্বাক্ষর—পি, সি, রায়,

ডিষ্ট্রীক্ট হেল্‌থ অফিসার, মুর্শিদাবাদ।

## বৈজ্ঞানিক রবার দ্রব্য !

রবার কুশন ( বেড-সোর বা শয্যাক্ষত নিবারক ) প্রত্যেকটী ৭৲

রবার গ্লোভস্ ( অপারেশনে সার্জ্জেনের ব্যবহার্য্য ) জোড়া ৩৲

ফিঙ্গার ষ্টল্ ( আঙ্গুলে পরিবার জন্য ) প্রত্যেকটী ।/০

রবার ক্যাপ ( গর্ভরোধক ও সংক্রামক রোগ নিবারক ) ডজন ৩৲

রবার পেশারী ( স্ত্রী-ব্যবহার্য্য—বড়, মধ্যম, ছোট ) প্রত্যেকটী ২৲

বিস্তারিত মূল্য-তালিকার জন্য পত্র লিখুন।

পি, বি, সাপ্লাই এজেন্সী,
পোষ্ট বক্স নং ১১৪০৪ কলিকাতা।

---

ছাদের জন্য

## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।
সস্তর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং**

প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

---

## হোমিও ঔষধ ! হোমিও ঔষধ !!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵১৫, ২০০ প্রতি ড্রাম ৶০ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয়ার্থ মজুত আছে।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস ( হোমিওপ্যাথ )
প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।
রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, ( মুর্শিদাবাদ )

---

## কলোনিয়াল কুইনাইন কেমিক্যাল

ভারতের একমাত্র দেশীয় কুইনাইন প্রস্তুতের কারখানা।
কাঁচা মাল, পরিশ্রম, মূলধন সমস্তই ভারতের নিজস্ব। বিস্তারিত বিবরণ ও দরের জন্য পত্র লিখুন।
সোল ডিষ্ট্রিবিউটার—বসাক ফ্যাক্টরী ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।

---

## টিপসহির কালী

পণ্ডিত প্রেসে পাইবেন।
মূল্য প্রতি কৌটা পাঁচ পয়সা।

---




শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্মতর আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্মজনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কারখানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

( স্বাঃ ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

---

## ইহার অমোঘ শক্তি দেখিয়া বিস্মিত হইবেন।

৫৬ বৎসরের পরীক্ষিত লক্ষ লক্ষ ম্যালেরিয়া প্রপীড়িত রোগীর দ্বারা ব্যবহৃত।

## অমৃতাদি কষায়

ম্যালেরিয়া জ্বর, বিষমজ্বর, ঘুসঘুসে জ্বর, প্লীহা-যকৃৎসংযুক্ত জ্বর, দ্বৈকালীন জ্বর, পালাজ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার নূতন ও পুরাতন জ্বরের অব্যর্থ মহৌষধ।

অমৃতাদি কষায়—কুইনাইন সদৃশ শক্তিশালী জরঘ্ন এবং বলকারক গাছগাছড়ার সংমিশ্রণে প্রস্তুত, সম্পূর্ণ নিরাপদ এবং নির্ভরযোগ্য।

অমৃতাদি কষায়—ব্যবহারে জ্বর অবিলম্বে বিরাম প্রাপ্ত হয় এবং ইহা জ্বরের পুনরাক্রমণে বাধা প্রদান করে।

অমৃতাদি কষায়—যকৃতের উপর ক্রিয়া করে, পিত্ত নিঃসারিত করে; কোষ্ঠ পরিস্কার করিয়া ক্ষুধাবৃদ্ধি করে; বর্দ্ধিত প্লীহা এবং যকৃতের আকার হ্রাস করিয়া স্বাভাবিক অবস্থায় পুনরানয়ন করে; রক্ত পরিষ্কার করিয়া রোগীকে শক্তিশালী করে।

অমৃতাদি কষায়—ম্যালেরিয়া জ্বরের যাবতীয় বিষ সমূলে বিনষ্ট করিয়া শরীর হইতে বহির্গত করিয়া দেয় এবং রোগীকে অতি সত্বর সুস্থ, সবল এবং কান্তিযুক্ত করে।

মূল্য প্রতি শিশি একপোয়া ১৲—অর্দ্ধপোয়া ॥০

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ,**
২৯নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

